বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ২.১ নং অনুচ্ছেদের প্রতিশ্রুতি অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) সমন্বয়ে ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দা সারওয়ার জাহান<br>চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| সভার স্থান | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সভাকক্ষ |
| তারিখ ও সময় | ৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. সকাল ১১:৩০ টা |

সভায় অংশগ্রহণকারীদের তালিকা: পরিশিষ্ট 'ক'

দেশের বাজারে প্রচলিত পাস্তুরিত তরল দুধের মান নিয়ন্ত্রণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে মতবিনিময়ের লক্ষ্যে পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী ও বিপণনকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ, অংশীজন (Stakeholders) দেরকে সভাপতি কর্তৃক স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরিচিতি পর্ব শেষে সভা আহবানের প্রেক্ষাপট উপস্থাপন করা হয়। ইতঃপূর্বে মহামান্য হাইকোর্টের নির্দেশ প্রতিপালন ও সর্বোপরি জনস্বাস্থ্য রক্ষার্থে দূষণমুক্ত নিরাপদ পাস্তুরিত দুধ উৎপাদন ও বিপণন একান্ত অপরিহার্য বিধায় এবিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির দায়িত্ব অপরিসীম বলে মন্তব্য করা হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ইতোমধ্যে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার বেশ কিছু কার্যক্রম গ্রহণ করেছে ও প্রয়োজনীয় নির্দেশনা জারী করেছে। সেসব কার্যক্রম ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং এবিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা প্রতিপালনার্থে নিরাপদ পাস্তুরিত তরল দুধ উৎপাদন ও বাজারজাতকরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং পরবর্তী করণীয় বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: নং | গৃহিত কার্যক্রম | অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রতিটি প্রতিষ্ঠানের দুধ সংগ্রহ কেন্দ্রে দুধের মান যাচাই ব্যবস্থা হিসেবে স্ক্রিনিং টেষ্ট অব্যাহত রাখতে হবে। সম্ভাব্য দূষণ সনাক্তকরণের লক্ষ্যে স্ক্রিনিং টেষ্ট এর সেফটি প্যারামিটার বৃদ্ধি করে হালনাগাদ SOP বিএফএসএ-কে প্রদান করতে হবে। | শুধুমাত্র ঈগলু ডেইরী থেকে SOP পাওয়া গেছে যা হালানাগাদ নয়। প্রতিষ্ঠানগুলির পক্ষ থেকে হালনাগাদ SOP প্রস্তুতের জন্য ১ (এক) সপ্তাহ সময় প্রদানের অনুরোধ করা হয়। | ১৬/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে হালনাগাদ SOP বিএফএসএ-কে প্রদান করতে হবে। | সকল পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী ও বাজারজাতকারী প্রতিষ্ঠান। |
| ক্র: নং | গৃহিত কার্যক্রম | অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়ন |
| ২ | বিএফএসএ কর্তৃক পাস্তুরিত তরল দুধের প্ল্যান্ট ও সার্বিক ব্যবস্থাপনা সরেজমিন পরিদর্শন ও মনিটরিং। | ইতোমধ্যে মিল্কভিটা, শিলাইদহ ডেইরী ও ইছামতি ডেইরী সরেজমিন পরিদর্শন করা হয়েছে বলে আলোচনায় জানা যায়। অন্য প্রতিষ্ঠানগুলিও পরিদর্শনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | ১টি পরিদর্শন সূচি প্রস্তুত করে সরেজমিন পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম শুরু করতে হবে। | বিএফএসএ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | সকল পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী ও বিপণনকারী প্রতিষ্ঠানের স্টোর ও ডেলিভারি ভ্যান-এ TDL (টেম্পারেচার ডাটা লগার) ব্যবহার নিশ্চিতকরণ এবং তাপমাত্রা রেকর্ডিং এর প্রুফ প্রেরণ। | মিল্কভিটা, প্রাণ, ঈগলু, শিলাইদহ ডেইরী, আড়ং ডেইরী, আকিজ ডেইরী, আফতাব মিল্ক TDL ব্যবহার করছে বলে সভাকে অবহিত করে। সকল প্রতিষ্ঠানে TDL ব্যবহার নিশ্চিতকরণ ও তাপমাত্রা রেকর্ডিং এর প্রুফ বিএফএসএ এর নিকট প্রেরণের জন্য প্রস্তাব উত্থাপিত হয়। | TDL ব্যবহারকারী সকল প্রতিষ্ঠান আগামী ১২/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে তাপমাত্রা রেকর্ডিং এর প্রুফ বিএফএসএ এর নিকট প্রেরণ করবে। ইছামতি ডেইরী ও তানিয়া ডেইরী-কে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে TDL ব্যবহার নিশ্চিত করে বিএফএসএ -কে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| ৪ | পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের দুধ সরবরাহ / বিতরণ পরিকল্পনা, এজেন্টদের তালিকা বিএফএসএ এর নিকট প্রেরণ করতে হবে। | ব্র্যাক ডেইরী, ঈগলু ও প্রাণ মিল্ক এর তথ্য পাওয়া গেছে বলে সভায় জানা যায়। অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য বিএফএসএ এর নিকট দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | আগামী ১২/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের দুধ সরবরাহ / বিতরণ পরিকল্পনা, এজেন্টদের তালিকা বিএফএসএ এর নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| ৫ | সকল প্রতিষ্ঠানের পাস্তুরিত তরল দুধের প্যাকেটের লেবেলিং এ “৪° সে. তাপমাত্রার নিচে সংরক্ষণ করুন” মুদ্রণ। | আড়ং, ঈগলু, ডেইরী ফ্রেশ, আফতাব, মিল্ক ভিটা, মু, আল্ট্রা মিল্ক এর নমুনা পাওয়া গেছে বলে সভায় জানা যায়। অন্যান্য প্রতিষ্ঠানের নমুনা বিএফএসএ এর নিকট দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে লেবেলিং এ “৪° সে. তাপমাত্রার নিচে সংরক্ষণ করুন” মুদ্রিত পাস্তুরিত তরল দুধের প্যাকেটের নমুনা বিএফএসএ এর নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| ৬ | বিএফএসএ কর্তৃক পাস্তুরিত তরল দুধ সংরক্ষণের নির্দেশনা সম্বলিত গণবিজ্ঞপ্তি প্রকাশ এবং গণবিজ্ঞপ্তির নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থা গ্রহণ। | গণবিজ্ঞপ্তির নির্দেশনা অনুসরণ করা হচ্ছে বলে উপস্থিত প্রতিনিধিবৃন্দ জানান। গণবিজ্ঞপ্তিটি দুগ্ধ উৎপাদন ও বিপণন শৃঙ্খলার সর্বাধিক দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও প্রতিনিধিবৃন্দ সভাকে অবহিত করেন। | আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে গণবিজ্ঞপ্তির প্রদর্শন / প্রচারের প্রুফ বিএফএসএ এর নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| ৭ | পাস্তুরিত তরল দুধ পরিবহন ও বিতরণের ক্ষেত্রে যথাযথ কুল চেইন নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে এজেন্টশীপ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপস্থিত প্রতিনিধিবৃন্দ জানান, পাস্তুরিত তরল দুধ পরিবহন ও বিতরণের ক্ষেত্রে যথাযথ কুল চেইন নির্দেশনা প্রতিপালনের বিষয়টি মনিটরিং করা হচ্ছে; সংশ্লিষ্ট কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | নজরদারী, প্রচার কার্যক্রম, প্রশিক্ষণ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন বিএফএসএ এর নিকট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| ক্র: নং | গৃহিত কার্যক্রম | অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৮ | ইছামতি ডেইরী ও শিলাইদহ ডেইরীর উৎপাদন শুরুর পরবর্তী ৩ মাস ১৫ দিন অন্তর প্ল্যান্ট ও ডেলিভারী পয়েন্ট থেকে সংগৃহিত নমুনার ৩টি ল্যাব এ বিশ্লেষণ রিপোর্ট বিএফএসএ এর নিকট প্রেরণ। | শিলাইদহ ডেইরীর ৫টি রিপোর্ট এবং ইছামতি ডেইরীর ১টি মাত্র রিপোর্ট পাওয়া গেছে বলে সভায় জানা যায়। ২টি প্রতিষ্ঠানের মনিটরিং অব্যাহত রাখার প্রস্তাব পাওয়া যায়। | শিলাইদহ ডেইরী ১মাস অন্তর এবং ইছামতি ডেইরী ১৫দিন অন্তর পরবর্তী ৩ মাস পাস্তুরায়ন প্ল্যান্ট ও ডেলিভারী পয়েন্ট থেকে সংগৃহিত নমুনার ৩টি ল্যাব এ বিশ্লেষণ রিপোর্ট বিএফএসএ এর নিকট প্রেরণ করবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | Suo Muto Rule No. 02/2019 এর আদেশ প্রতিপালনে নিরাপদ পাস্তুরিত তরল দুধ উৎপাদন ও বাজারজাত নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ:<br>ক) পাস্তুরিত তরল দুধ উৎপাদন শৃঙ্খলের প্রতিটি ধাপে সব ধরনের "দূষণমুক্ত" ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>খ) নিরাপদ পাস্তুরিত তরল দুধ বাজারজাতকরণের পাশাপাশি উৎপাদিত প্রতিটি ব্যাচ/লটের নমুনা স্বীকৃত ল্যাবরেটরীতে দ্রুত পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) ল্যাব পরীক্ষার ফলাফলে দূষণ সনাক্ত হলে নিজ দায়িত্বে বাজার হতে সংশ্লিষ্ট ব্যাচ/লট এর পাস্তুরিত তরল দুধ অবিলম্বে প্রত্যাহার করতে হবে এবং ল্যাবরেটরী টেষ্ট এর ফলাফল ও গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালনে মিল্কভিটা কোম্পানী উৎপাদিত পাস্তুরিত তরল দুধের সিসা ও এ্যান্টিবায়োটিক দূষণমুক্ত ল্যাবরেটরী টেষ্ট রিপোর্ট বিএফএসএ এর নিকট প্রেরণ করেছে। ল্যাব টেষ্টের ভিত্তিতে দূষণমুক্ত পাস্তুরিত তরল দুধ উৎপাদন ও বিপণনের অপরিহার্যতা বিষয়ে আলোচনা হয়। ল্যাব-পরীক্ষা রিপোর্টে অসামঞ্জস্যতা ও রিপোর্ট প্রাপ্তির পূর্বেই পাস্তুরিত দুধের মেয়াদ উত্তীর্ণ ও বিক্রয় হয়ে যাওয়ার বিষয়গুলি আলোচিত হয়। দূষণমুক্ত নিরাপদ পাস্তুরিত তরল দুধের উৎপাদন নিশ্চিতকরনার্থে প্যাকেটজাত পাস্তুরিত তরল দুধের ল্যাব-পরীক্ষার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কোনো প্রকারেই অনিরাপদ পাস্তুরিত তরল দুধ উৎপাদন ও বাজারজাত করা যাবে না মর্মে সকলে একমত পোষণ করেন। | প্রতিটি পাস্তুরিত তরল দুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্রতিমাসে দৈবচয়ন পদ্ধতিতে প্যাকেটজাত পাস্তুরিত তরল দুধের নমুনার অনুজীব, এ্যান্টিবায়োটিক, সিসা, পেস্টিসাইড, আফলাটক্সিনসহ সম্ভাব্য অন্যান্য দূষকের ল্যাবরেটরী পরীক্ষা করে নিরাপদতা নিশ্চিত করতে হবে এবং টেষ্ট রিপোর্ট এর কপি আবশ্যিকভাবে বিএফএসএ এর নিকট দ্রুত প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যতম দায়িত্ব হচ্ছে দেশের সর্বস্তরের মানুষের জন্য নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধান করা। এক্ষেত্রে পুষ্টির চাহিদা পূরণ ও মেধাবী জাতি গঠন এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধপণ্য উৎপাদনের মাধ্যমে দুগ্ধশিল্পের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হবে মর্মে সভাপতি কর্তৃক মন্তব্য করা হয়। এই লক্ষ্যে দুগ্ধ উৎপাদন থেকে বিপণন পর্যন্ত সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে শুদ্ধাচার প্রতিপালন করে আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহবান জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দা সারওয়ার জাহান
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

নম্বর: ১৩.০২.০০০০.৫০৭.১৮.০০১.১৯. ৭৫৮

তারিখ: ...সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০ তেজঁগাও শিল্প এলাকা, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, ব্র্যাক ডেইরি এন্ড ফুড প্রজেক্ট, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রাণ ডেইরি, প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫ বীর উত্তম রফিকুল ইসলাম এ্যাভেন্যু, মধ্যবাড্ডা, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, আকিজ ফুড এন্ড বেভারেজ লি:, ১৯৮, বীর, উত্তম মীর শওকত সড়ক, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, আফতাব মিল্ক এন্ড মিল্ক প্রডাক্টস লি:, উত্তরা ব্যাংক ভবন (৪র্থ ও ৫ম তলা) ৯০, মতিঝিল বা/এ, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঈগলু ডেইরি লি:, ১১১, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (১৩ তলা) বীর উত্তম সিআর দত্ত রোড, কারওয়ান বাজার, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, আমেরিকান ডেইরি লি:, বাড়ী-২১ (১ম তলা), ফ্ল্যাট বি-১, রোড-১০৪, গুলশান-২, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, শিলাইদহ ডেইরি, ৩/৩-এ, পূর্ব রামপুরা, ঢাকা-১২১৯।
৯। ব্যবস্থাপনা পরিচালক, ইছামতি ডেইরি এন্ড ফুড প্রোডাক্টস কারখানা, বেড়া, পাবনা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বারো আউলিয়া ডেইরি মিল্ক লি:, ৮৫/এবি, হোসেইনি দালান রোড, চাঙ্খারপুল, চকবাজার, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, তানিয়া ডেইরি এন্ড ফুড প্রোডাক্টস, ৮৭১, আমাইকোলা, সাঁথিয়া, পাবনা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ডেনিস ডেইরি ফার্ম লি: শিমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, উত্তর বঙ্গ ডেইরি, বাড়ি-১৪, ফ্লাট-০৭, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, জিহান মিল্ক এন্ড ফুড প্রসেসিং লি:, লসমনপুর, কুসুমহাটি, শেরপুর সদর, শেরপুর।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, পূর্ব বাংলা ডেইরি ফুড ইন্ডাস্ট্রিজ, আকরান, বিরুলিয়া, সাভার, ঢাকা।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ দৃ.আ. যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ)]
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। উপসচিব (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে নিয়োজিত।
৭। ন্যাশনাল টিম লিডার, এফএও, ঢাকা।
৮। তানভীর আহমেদ, আইটি ম্যানাজার, আইএফএস-বি প্রকল্প। (এটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

(সমীর কুমার বিশ্বাস)
উপসচিব